



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-৭৪/ ১০৫/৪

তারিখঃ ০৯.০৪.২০১৮খ্রিঃ

বিষয়ঃ ম্যানেজিং কমিটি কেন ভেঞ্জে দেয়া হবে না তার কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

সূত্রঃ নং-বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-৭৪/৮৪৮/৪; তারিখঃ ২১.০১.২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার সদর উপজেলাধীন উত্তর হরিরামপুর দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সাবেক সভাপতির পক্ষে জনাব সামছ উদ্দীন আহম্মেদ চৌধুরী, এডভোকেট জজ কোর্ট, দিনাজপুর কর্তৃক জাষ্টিস ডিমাল্ড নোটিশ প্রেরণ করা হয়। প্রেরিত জাষ্টিস ডিমাল্ড নোটিশে বর্ণিত বক্তব্যের সমর্থনে কোন কাগজপত্র পত্র সংযুক্ত না থাকায় জাষ্টিস ডিমাল্ড নোটিশে বর্ণিত বিষয়ে সুস্পষ্ট লিখিত বক্তব্যসহ সমর্থনীয় কাগজপত্র দাখিল করার জন্য বর্তমান কমিটির সভাপতি ও মাদ্রাসার সুপার জনাব মোঃ আবুল বাশারকে সূত্রে উল্লিখিত স্মারকে পত্র দেয়া হয়।

পত্রের প্রেক্ষিতে সুপার এই মর্মে জবাব দাখিল করেছেন যে, তিনি দায়িত্ব প্রাপ্ত না হওয়ায় এ সংক্রান্ত কোন কাগজপত্র প্রতিষ্ঠান হতে সংগ্রহ করা সম্ভব হয়নি। কিন্তু বিদ্যমান ম্যানেজিং কমিটির সভাপতি কর্তৃক কোন জবাব/ব্যাখ্যা/কাগজপত্র দাখিল করা হয়নি, যা বোর্ড তথা সরকারি আদেশ অমান্য করার সামিল।

বর্ণিত অবস্থায় বোর্ড তথা সরকারি আদেশ অমান্য করায় এবং সৃষ্ট জটিলতা নিরসনে বোর্ডকে সহযোগিতা না করায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/২১১৭১২০৮০৮১/৪৭৮৬/নথি নং- ৭৪; তারিখঃ ২৫.০১.২০১৮ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঞ্জে দেয়া হবে না আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি, ম্যানেজিং কমিটি, উত্তর হরিরামপুর দাখিল মাদ্রাসা, সদর, দিনাজপুর।

২) সুপার/ভারপ্রাপ্ত সুপার, উত্তর হরিরামপুর দাখিল মাদ্রাসা, সদর, দিনাজপুর।

নং-বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-৭৪/ ১০৫/৪

তারিখঃ ০৯.০৪.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, দিনাজপুর।
২. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, দিনাজপুর।
৪. সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি, উত্তর হরিরামপুর দাখিল মাদ্রাসা, সদর, দিনাজপুর।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪

০৯/০৪/১৮